



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং- ৭৩/২০২২ খ্রি।
তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রি।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্যারিফ পুনঃনির্ধারণে নিয়োগকৃত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠানের চলমান কার্যক্রমে সহায়তা করার লক্ষ্যে ০১ (এক) বছরের জন্য একজন অর্থ ও ট্যারিফ বিষয়ক বিশেষজ্ঞ পরামর্শক নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিবর্গের নিকট থেকে আগ্রহ ব্যক্তকরণ সংক্রান্ত আবেদন Expression Of Interest (EOI) আহবান করা যাচ্ছে।

(ক) পরামর্শকের যোগ্যতাঃ

- ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ফিল্ডস/হিসাব বিজ্ঞান/অর্থনীতি বিষয়ে মাতাকোত্তর ডিগ্রী;
- ২। বাংলাদেশের বিভিন্ন মেরিটাইম সংস্থায় জাতীয় বেতন ক্ষেত্রের তৃতীয় গ্রেড ভুক্ত পদে চাকুরীর অভিজ্ঞতা সহ প্রথম শ্রেণীর পদে ন্যূনতম ২০ (বিশ) বছর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
- ৩। বন্দরে এককভাবে ট্যারিফ প্রণয়নে অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে ব্যবসায়ীক সরবারাহ বা অন্যান্য কার্যক্রমে সম্পৃক্ত কোন/ঠিকাদারী/পার্মার্শক/প্রতিষ্ঠানের সাথে চাকুরী বা অন্য কোন সূত্রে সংযুক্ত থাকা যাবেনা যা Conflict of Interest (স্বার্থের সংঘাত) হিসেবে বিবেচিত হয়;
- ৫। বয়স ৫৫ থেকে ৬৫ বছর।

(খ) পরামর্শকের কার্যপালিধি (TOR):

- ১। চবক এর ট্যারিফ নির্ধারণের জন্য নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ট্যারিফ সংক্রান্ত ডাটা এবং চবক এর অপারেশনাল কর্মকাণ্ডের সাথে ট্যারিফ এর সমন্বয়ের জন্য ডাটা বিশ্লেষণে চবক কর্মকর্তাদের সহায়তাকরণ;
 - ২। চবক এর ট্যারিফ নির্ধারণের জন্য নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিপোর্ট পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ ও পর্যালোচনা করে মতামত প্রদান;
 - ৩। চবক এর অপারেশনাল কার্যক্রমের বিস্তৃতি ও প্রবৃক্ষ বিবেচনা করে নতুন অপারেশনাল কর্মকাণ্ডের ওপর ট্যারিফ প্রণয়নের ব্যাপারে পরামর্শ প্রদান;
 - ৪। চবক এর বিদ্যমান ট্যারিফ আইটেম সমূহের মধ্যে যে সকল আইটেম সমূহের আয়ের তুলনায় ব্যয় অধিক নতুন ট্যারিফ প্রনয়নের ক্ষেত্রে সে সকল আইটেম সমূহের আয় ও ব্যয় সমন্বয়ের ব্যাপারে পরামর্শ প্রদান;
 - ৫। ট্যারিফ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য চবক এর বিভিন্ন স্টেক হোল্ডারদের সাথে আলোচনায় উপস্থিত থেকে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ৬। চবক এর ট্যারিফ নির্ধারণের জন্য নিয়োজিত কনসালটেন্ট এর প্রদত্ত রিপোর্ট বাস্তবায়নে বন্দরের চাহিদা অনুসারে বিভিন্ন তথ্য বিশ্লেষণে চবক কর্মকর্তাদের পরামর্শ প্রদান;
 - ৭। চবক এর বিভিন্ন আর্থিক নীতিমালা অনুসারে চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ৮। বন্দরের আইন বাস্তবায়নে বিধিমালা, প্রবিধানমালা যুগোপযোগীকরণে বন্দরের আর্থিক সংশ্লিষ্ট বিষয়ে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ৯। সরকারি-বেসরকারী অংশীদায়িত্বে প্রকল্পের Business Model Development এর বন্দরের রাজস্ব প্রাপ্তি নিশ্চয়তার বিষয়ে চাহিদামতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ১০। আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে মানব সম্পদ উন্নয়নে চাহিদামতে চবককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ১১। চেয়ারম্যান, চবক কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
 - ১২। প্রতি মাসের প্রথম সপ্তাহে ট্যারিফ প্রনয়ন কার্যক্রমের অগ্রগতি ও অন্যান্য কার্যক্রমের উপর চেয়ারম্যান, চবক বরাবরে প্রতিবেদন প্রদান।
- (গ) উপরোক্ত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/ব্যক্তিবর্গ উপরোক্ত বিষয়ে নিয়োগের জন্য তাহাদের আগ্রহ ব্যক্ত করে জীবনবৃত্তান্ত সহ আবেদন পত্র আগামী ২৮/০৯/২০২২ খ্রি তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট সরাসরি/ভাক্ষণ্যে প্রেরণ করতে হবে।

২৮/০৯/২২
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ